



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (২য় খন্ড)/২০১১/২৫৬১

তারিখ

১৪ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬১৭ তম কমিশন সভা অদ্য ২৮/১১/২০১৭ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. অদ্যকার সভায় কমিশন AB Bank Limited এর ৪০০ কোটি টাকার Subordinated Floating Rate Bond এর প্রস্তাব অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ (সাত) বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Subordinated, Floating Rate, Unlisted Bond। বন্ডটি ০৭ বছরে পূর্ণ অবসায়ন হবে যা শুধুমাত্র প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী এবং উচ্চ সম্পদধারী বিনিয়োগকারীগণের (high net worth investors) মধ্যে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে উত্তোলিত অর্থ TIRE-2 capital requirement এর শর্ত পূরণে ব্যবহার করবে। বন্ডটির প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১ (এক) কোটি টাকা। এই বন্ডের Trustee এবং Mandated Lead Arranger হিসাবে যথাক্রমে MTB Capital Limited এবং RSA Capital Limited দায়িত্ব পালন করছে।
২. ক) ইউনাইটেড এয়ারওয়েজ (বিডি) লিঃ তাদের জুন ৩০, ২০১২ তারিখ সমাপ্ত বৎসরের আর্থিক বিবরণীতে এবং সেপ্টেম্বর ৩০, ২০১২ এর প্রথম প্রান্তিকের আর্থিক বিবরণীতে বাংলাদেশ একাউন্টিং স্ট্যান্ডার্ড (BAS 1 এবং 12) এর প্যারা ৫ এবং ১৬ অনুযায়ী Deferred Tax Liabilities হিসাবভুক্ত না করায় শেয়ার প্রতি আয় (EPS) এবং নীট সম্পদ মূল্য (NAV) অতিমূল্যায়িত হয়ে বাজারকে প্রভাবিত করেছে। ফলে তাদের আর্থিক বিবরণীতে যথার্থ ও ন্যায্য অভিমত প্রতিফলিত (True and fair view reflect) করেনি যার ফলে Securities and Exchange Rules, 1987 এর Rule 12(2) ভঙ্গ হয়েছে। উপরোক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গ এবং বিলম্বে তা পরিপালনের জন্য কমিশন ইউনাইটেড এয়ারওয়েজ (বিডি) লিঃ -কে সতর্কপত্র ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করে।
- খ) কোম্পানীর উদ্যোক্তা/পরিচালক কর্তৃক নিষেধাজ্ঞাকালীন সময়ের মধ্যে শেয়ার লেনদেন করায় এবং মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশের পূর্বে তা অবগত হয়ে শেয়ার ক্রয় ও বিক্রয় করে মুনাফা অর্জন করার মাধ্যমে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫ এর বিধি ৪ ভঙ্গ করেছে। উল্লিখিত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন আজকের সভায় জনাব তোফায়েল আহমেদ চৌধুরী, জনাব মোঃ আশিক মিয়া, জনাব মোঃ ইউসুফ চৌধুরী, জনাব মধুরীস আলী, জনাবা সিদ্দিকা আহমেদ, জনাব খন্দকার মাহফুজুর রহমান এবং জনাবা তাহমিনা বেগম প্রত্যেককে ১০ (দশ) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।




বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

- গ) কোম্পানী কর্তৃক মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশের পূর্বে কোম্পানীর উদ্যোক্তা/পরিচালক জনাব ক্যাপ্টেন তাসবীরুল আহমেদ চৌধুরী এবং জনাবা খন্দকার তাছলিমা চৌধুরী তা অবগত হয়ে শেয়ার ক্রয় ও বিক্রয় করে মুনাফা অর্জন করার মাধ্যমে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫ এর বিধি ৪ ভঙ্গ করেছে। এছাড়াও তারা বাজার কারসাজিতে সম্পৃক্ত হয়ে Securities and Exchange Ordinance, 1969 এর Section 17 (e)(ii) এবং (V) ভঙ্গ করেছে। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন আজকের সভায় জনাব ক্যাপ্টেন তাসবীরুল আহমেদ চৌধুরী এবং জনাবা খন্দকার তাছলিমা চৌধুরী প্রত্যেককে ২০ (বিশ) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
- ঘ) এছাড়াও কিছু সংখ্যক বিনিয়োগকারী ইউনাইটেড এয়ারওয়েজ (বিডি) লিঃ এর শেয়ার লেনদেনের মাধ্যমে বাজার কারসাজিতে সম্পৃক্ত হয়ে Securities and Exchange Ordinance, 1969 এর Section 17 (e)(ii) এবং (V) ভঙ্গ করেছে। উল্লিখিত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন আজকের সভায় জনাব মোঃ সৈয়দ সিরাজউদ্দৌলা, জনাব আবু সাদাত মোঃ সায়েম এবং জনাব ইয়াকুব আলী খন্দকার প্রত্যেককে ১০ (দশ) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৩. ক) এম, সিকিউরিটিজ লিঃ (DSE TREC No. 044) তাদের ডিলার হিসাবে লেনদেনের ক্ষেত্রে নিজেই ক্রেতা এবং বিক্রেতা হিসেবে লেনদেন পরিচালনা করে এবং তাদের পরিচালক ও আত্মীয়দের নামে পরিচালিত হিসাবে নিজেদের মধ্যে সিকিউরিটিজ ক্রয় বিক্রয় সম্পন্ন করেছে যাতে মালিকানার কোন পরিবর্তন হয়নি। ফলশ্রুতিতে Securities and Exchange Ordinance, 1969 এর Section 17 (e)(iii) ভঙ্গ হয়েছে।
- খ) এছাড়াও এম, সিকিউরিটিজ লিঃ তাদের পরিচালক, আত্মীয় এবং ডিলার হিসাবে ঋণ প্রদানের মাধ্যমে কমিশনের Directive No. SEC/CMRRC/2001-43/51 তাং 22/07/2010 ভঙ্গ করেছে।

উক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন আজকের সভায় এম, সিকিউরিটিজ লিঃ কে ২০ (বিশ) লক্ষ টাকা, এম. সিকিউরিটিজ লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব চৌধুরী মোঃ নুরুল আজম এবং ব্যবস্থাপনা পরিচালক এর স্ত্রী জনাবা জাকিয়া চৌধুরী প্রত্যেককে ১০ (দশ) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।


মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।